



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/2/2022

গভর্নর ক্যাথি হোকল

## নিউ ইয়র্ক সিটির সরকারি আবাসন সংরক্ষণ ট্রাস্ট সৃষ্টিকারী আইন পাশ হওয়া সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"এটি NYCHA-কে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য একটি বড় জয়। এই আইন কয়েক দশক ধরে ফেডারেল বিনিয়োগের অভাব পার করার পর, বাড়তি ফেডারেল তহবিল পাওয়ার এবং কয়েক বিলিয়ন ডলারের সংস্কার কাজের দিকে নিয়ে যাওয়ার এবং সিটি জুড়ে উন্নয়ন প্রকল্পগুলোতে গুরুত্বপূর্ণ উন্নয়নের সুযোগ প্রদান করার ক্ষমতা রাখে। NYCHA-এর অধিবাসীদের জন্য সত্যিকারের সমাধান পৌঁছে দিতে আমার প্রশাসন সিটি হল, কমিউনিটি গ্রুপগুলো, এবং স্থানীয় নেতৃত্বের সঙ্গে কাজ করে আসছে। পাশ হওয়া পরিমার্জিত আইনটি অধিবাসীদের মতামত ও তথ্য প্রদান বৃদ্ধি পাওয়া নিশ্চিত করবে, যা প্রত্যেক উন্নয়ন প্রকল্পের স্থানের বাসিন্দাদের এই কর্মসূচিতে অংশগ্রহণ করা বেছে নেওয়া অথবা প্রত্যাখ্যান করার ক্ষমতা প্রদান করবে, এবং আমি আত্মবিশ্বাসী যে এই বিল পাশ হওয়ার পর এখন থেকে এই সম্পৃক্ততা ও সহযোগিতার প্রক্রিয়া অব্যাহত থাকবে। এই অতি গুরুত্বপূর্ণ আইনের ব্যাপারে সহযোগিতা করায় আমি মেয়র অ্যাডামস, সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার হিয়েস্টি এবং আমাদের আইনপ্রণেতা ও অ্যাডভোকেট অংশীদারদের প্রতি কৃতজ্ঞ এবং এই বিলে স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য আমি আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418